

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
পেকুয়া, কক্সবাজার।

স্মারক নং- ৫১.০১.২২৫৬.০০০.৪১.০০৩.২৩-২৭২

তারিখঃ ১২/১০/২০২৩ খ্রি.

বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রধান প্রজনন মৌসুমে ইলিশ আরহণ নিষিদ্ধকালীন সময়ে বিরত থাকা নিবন্ধনকৃত জেলে পরিবারকে মানবিক সহায়তা খাদ্য সহায়তা কর্মসূচির আওতায় ভি.জি.এফ (চাল) ছাড়করণ।

- সূত্র : ১। জেলা প্রশাসকের কার্যালয় এর স্মারক নং-৫১.০১.২২০০.১১৭.৪১.০৫৪.২৩-৪৬৪ তারিখঃ ০৮, অক্টোবর ২০২৩ খ্রিঃ
২। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ের স্মারক নং-৩৩.০২.২২৫৬.৫০১.০০১.২৩-১২৫ তারিখঃ ০৮/১০/২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মানবিক সহায়তা কর্মসূচির আওতায় চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রধান প্রজনন মৌসুমে ইলিশ আরহণ নিষিদ্ধকালীন সময়ে বিরত থাকা নিবন্ধনকৃত জেলেদের (১২ অক্টোবর হতে ০২ নভেম্বর ২০২৩) পর্যন্ত সময়ের জন্য ২৫ (পঁচিশ) কেজি হারে বিতরণের জন্য পেকুয়া উপজেলার ২২৮৬টি জেলে পরিবারের অনুকূলে ৫৭.১৫০ মে:টন ভিজিএফ চাল বরাদ্দ পাওয়া যায়। জেলে অধ্যুষিত এলাকা সমূহে অপেক্ষাকৃত অতি:দুঃস্থ জেলেদের মধ্যে উক্ত চাল বিতরণের লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে জেলে অধ্যুষিত এলাকার জন্য উপকারভোগী পরিবার বিভাজন করে পার্শ্ব উল্লিখিত পরিমাণ চাল ছাড়করণ করা হলো। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে স্থানীয় খাদ্য ওদাম হতে বরাদ্দকৃত চাল সরবরাহ করার জন্য অনুরোধ করা হল।

ক্র: নং	ইউনিয়ন	নিবন্ধিত জেলের সংখ্যা (জন)	ইলিশ আরহণে সম্পৃক্ত জেলের সংখ্যা (জন)	২৫ কেজি হারে চালের পরিমাণ (মে.টন)	মন্তব্য
০১	রাজাখালী	১৭৮০	৭৯৮	১৯.৯৫০	পরিবার প্রতি ২৫ কেজি হারে চাল বিতরণ করতে হবে।
০২	টাইটং	২৬৬	১২০	৩.০০০	
০৩	বারবাকিয়া	২৩৩	১০৫	২.৬২৫	
০৪	পেকুয়া	৯৩৮	৪২০	১০.৫০০	
০৫	মগনামা	৯৩৪	৪১৮	১০.৪৫০	
০৬	উজানটিয়া	৮০৯	৩৬২	৯.০৫০	
০৭	শিলখালী	১৪০	৬৩	১.৫৭৫	
সর্বমোট=		৫১০০	২২৮৬	৫৭.১৫০	

শর্তাবলীঃ-

- ১। জেলে অধ্যুষিত এলাকা সমূহকে অগ্রাধিকার দিতে হবে।
- ২। একই পরিবার হতে কেবল মাত্র একজন জেলেকে তালিকা ভুক্ত করতে হবে।
- ৩। মৃত জেলেকে তালিকা ভুক্ত করা যাবে না।
- ৪। অপেক্ষাকৃত অতি দুঃস্থ জেলেদের অগ্রাধিকার দিতে হবে।
- ৫। স্থানীয় মৎস্যজীবী সমিতির প্রতিনিধিদের সাথে আলোচনা করে অগ্রাধিকার তালিকা চূড়ান্ত করতে হবে।
- ৬। উপ-বরাদ্দকৃত ভি.জি.এফ চাল মা ইশিল আরহনে বিরত থাকার জন্য স্থানীয় দুঃস্থ ও নিবন্ধনকৃত মৎস্যজীবীদের মধ্যে মানবিক সহায়তা কর্মসূচি নির্দেশিকা ২০১২- ২০১৩ অনুসরণ পূর্বক যথানিয়মে বিতরণ/বন্টন করে নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করতে হবে।
- ৭। দ্বায়িত্ব প্রাপ্ত ট্যাগ অফিসারের উপস্থিতিতে খাদ্যশস্য বিতরণ করতে হবে।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,
পেকুয়া, কক্সবাজার

পূর্বিতা চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
পেকুয়া, কক্সবাজার।
মোবা: ০১৭০৮-৫০২৫০২
তারিখঃ ১২/১০/২০২৩ খ্রি.

স্মারক নং- ৫১.০১.২২৫৬.০০০.৪১.০০৩.২৩-

অনুলিপি ৪ সদয় অবগতি ও কার্যার্থে-

- ১। মাননীয় সংসদ সদস্য-২৯৪, কক্সবাজার-১ (চকরিয়া-পেকুয়া)
- ২। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ৩। জেলা মৎস্য অফিসার, কক্সবাজার।
- ৪। উপজেলা চেয়ারম্যান পেকুয়া, কক্সবাজার।
- ৫। জেলা ত্রান ও পূর্ণবাসন কর্মকর্তা, কক্সবাজার।
- ৬। চেয়ারম্যান -----, ইউনিয়ন পরিষদকে (সকল) স্থানীয় খাদ্য ওদাম হতে বরাদ্দকৃত চাল উত্তোলন করে যথাযথ ভাবে খরচ করে খরচের হিসাব/মাষ্টার রোল জরুরীভাবে অত্র অফিসে দুর্যোগ ব্যবস্থাপনা শাখায় দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। উপজেলা মৎস্য কর্মকর্তা, পেকুয়া, কক্সবাজার।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, চিরিংগা খাদ্য ওদাম, চকরিয়া, কক্সবাজার।
- ৯। উপজেলা..... অফিসার ও ট্যাগ অফিসার,..... ইউনিয়ন পরিষদ, পেকুয়া, কক্সবাজার।
- ১০। অফিস কপি।

পূর্বিতা চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
পেকুয়া, কক্সবাজার।